# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 OCTOBER 2025** **7:45—7:55 PM**

---

(১) জুবিন গর্গের স্থায়ী সমাধি নির্মাণের জন্যে রাজ্যের লোকনির্মাণ বিভাগকে দায়িত্ব অর্পণ/ শিল্পীর মৃত্যুর বিচার প্রক্রিয়া ফাস্টট্র্যাক আদালতে চলবে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা/

(২) জুবিন গর্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে আগামী ২১শে অক্টোবর সিঙ্গাপুর পুলিশের সঙ্গে এস আই টি'র প্রধান মুন্না প্রসাদ গুপ্তার নেতৃত্বে আসাম পুলিশ দলের বৈঠক/

(৩) ঝুমুর বিনন্দিনীতে অংশগ্রহণকারী শিল্পী, প্রশিক্ষক এবং বিশেষজ্ঞ সমিতির সদস্যদেরকে আজ শংসাপত্র এবং সম্মাননা প্রদান/

এবং

(৪) আসাম বিধানসভার উন্নয়ন বিভাগের স্ট্যান্ডিং কমিটির এক প্রতিনিধি দলের আজ জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প খতিয়ে দেখতে শ্রীভূমি জেলা সফর/

------------------------------------------------------------------------------------

আসাম সরকার শিল্পী জুবিন গর্গের স্থায়ী সমাধি নির্মাণের জন্য পদক্ষেপ গ্রহণ করেছে । রাজ্যের লোকনির্মাণ বিভাগকে এই সমাধি প্রকল্প নির্মাণের দায়িত্ব দেওয়া হয়েছে । দিসপুরের লোকসেবা ভবনে অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা একথা জানান । একটি বিশেষ কমিটি এই সমাধি প্রকল্পে অনুমোদন জানাবে বলে উল্লেখ করে তিনি বলেন যে- এই কমিটিতে শিল্পীর পত্নী গরিমা গর্গ সহ এগারোজন রয়েছেন । এদিকে জুবিন গর্গের মৃত্যুর বিচার প্রক্রিয়া ফাস্টট্র্যাক আদালতে চলবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । তিনি আগামী মাসে এই মামলার অভিযোগনামা দাখিলকরা হবে বলে উল্লেখ করেছেন । ডঃ

শর্মা বলেন যে- বিচারের জন্য বিশেষ সরকারী আইনজীবি নিয়োগ করা হবে । এবং পরবর্তী সময়ে এই সরকারী আইনজীবি নাম ঘোষণা করা হবে । জুবিন গর্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে অভিযুক্ত শ্যামকানু মহন্ত, সিদ্ধার্থ শর্মা সহ পাঁচজনকে বাক্সার কারাগারে পাঠানো সম্পর্কে সাংবাদিকদের করা এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন যে- নিরাপত্তার স্বার্থেই তাদেরকে বাক্সার কারাগারে প্রেরণ করা হয়েছে । সেই করাগারে অভিযুক্তদের জন্য কোনোধরণের বিশেষ সুবিধা নেই বলে তিনি উল্লেখ করেন ।

এদিকে মন্ত্রীসভার আজকের বৈঠকে আগামী ডিসেম্বর মাসে নামরূপ সার কারখানার ভিত্তিপ্রস্তর স্থাপনের বিষয়ে অনুমোদন জানানো হয়েছে । এছাড়া রাজ্যসরকারের কর্মচারী ও পেনশনারদের মহার্ঘ ভাতা ৫০ শতাংশ পর্যন্ত বৃদ্ধির বিষয়েও অনুমোদন জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

জুবিন গর্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে আগামী ২১শে অক্টোবর সিঙ্গাপুর পুলিশ আসাম পুলিশের অতিরিক্ত সঞ্চালক প্রধান এবং এস আই টি’র প্রধান মুন্না প্রসাদ গুপ্তার নেতৃত্বে আসাম পুলিশ দলের সঙ্গে বৈঠকে মিলিত হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এই বিষয়ে জানিয়ে বলেছেন যে- জুবিন গর্গের প্রতি ন্যায়ের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ । এদিকে শ্রী গুপ্তা সাংবাদিকদের জানান যে- সিঙ্গাপুর প্রশাসন তাদের সঙ্গে যোগাযোগ করেছে এবং ২১শে অক্টোবর আমন্ত্রণ জানিয়েছে । সিঙ্গাপুরের ঘটনাস্থলে তদন্ত করার জন্য আসাম পুলিশের আরো একজন আধিকারিক ঘটনাস্থলে যাবেন বলে তিনি উল্লেখ করেছেন।

আগেই জানানো হয়েছে যে- বিচারবিভাগীয় হেফাজতে থাকা শ্যামকানু মহন্ত, সিদ্ধার্থ শর্মা সহ পাঁচজনকে গতকাল বাকসা জেলার নিকাশিতে থাকা কারাগারে নিয়ে যাওয়ার সময়ে উদ্ভব হওয়া হিংসাত্মক ঘটনার পর গতকাল মধ্যরাত্রে রাজ্য পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতির খোঁজখবর নেন । বাক্সা জেলা কারাগারে আজ কিছুসময় পূর্বে রাজ্যের গৃহ বিভাগের অতিরিক্ত মুখ্য সচিব অজয় তিওয়ারি এবং বি টি এ ডি’র উপ-পুলিশ মহাপরিদর্শক বিবেকরাজ সিংএর উপস্থিতিতে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয় । এই বৈঠকে আইন শৃঙ্খলা শাখার মহাপরিদর্শক অখিলেশ সিং-ও উপস্থিত ছিলেন । বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রী সিং এই অঞ্চলের পরিস্থিতি নিয়ন্ত্রণে এসেছে বলে উল্লেখ করেন । গতকাল সরকারী সম্পত্তি বিনষ্ট করা লোকেদের বিরুদ্ধে ভিডিও ফুটেজ চেয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে তিনি জানিয়েছেন ।

এদিকে বাক্সা জেলায় সান্ধ্যাইন অব্যাহত রয়েছে এবং জেলা কারাগারের সম্মুখে পুলিশ, আধাসামরিক বাহিনী এবং র‍্যাপিড এ্যাকশন ফোর্স নিয়োগ করা হয়েছে ।এই কারাগারের পাঁচশো মিটার ব্যাসার্ধের ভেতরে সাধারণ লোকেদের চলাফেরা নিষিদ্ধ করা হয়েছে । এবং কারাগারের সামনের মূল সড়ক দিয়ে জনসাধারণের চলাচল বন্ধ করা হয়েছে । তবে সেই স্থানের স্থায়ী বাসিন্দা হলে উপযুক্ত কারণ দেখিয়ে চলাফেরা করতে দেওয়া হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

অন্যদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ন্যায় প্রদানের প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য নির্দিষ্ট সময়ের প্রয়োজন বলে উল্লেখ করে জনসাধারণকে ন্যায় ব্যবস্থার উপর আস্থা রাখার আহ্বান জানান । নতুনদিল্লিতে সিঙ্গাপুরের ডেপুটি-হাইকমিশনার এলিস চেঙ’এর সঙ্গে জুবিন গর্গের মৃত্যুর তদন্ত সম্পর্কে আলোচনা করার পর সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে মুখ্যমন্ত্রী গতকাল বাক্সায় উদ্ভুত পরিস্থিতি অতি দুঃখজনক বলে মন্তব্য করেছেন ।

---------------------------------------------------------------------------------------

শিল্পী জুবিন গার্গের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য আগামীকাল কংগ্রেস দলের নেতা তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী আগামীকাল আসামে আসবেন । তিনি সোণাপুরের কমারকুছিতে থাকা শিল্পীর শেষ কৃত্যস্থলে গিয়ে শ্রদ্ধা নিবেদন করবেন । শ্রী গান্ধীর শিল্পীর বাসগৃহে গিয়ে তার পরিবারের লোকেদের সংগে ও সাক্ষাৎ করার কথা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

সরকার সন্ত্রাসবাদ, অপরাধ এবং দুর্নীতির প্রতি শূন্য সহনশীলতার নীতি গ্রহণ করেছে বলে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ পুনরায় উল্লেখ করেছেন । নতুনদিল্লিতে আজ পলাতক অপরাধীদের প্রত্যার্পণ এবং রণকৌশল সম্পর্কিত একটি সম্মেলনের উদ্বোধন করে দেওয়া ভাষণে তিনি একথা বলেন । তিনি বলেন যে- সকল অপরাধীকে আইনের আওতায় নিয়ে আসার জন্য দেশে একটি শক্তিশালী ব্যবস্থা গড়ে তোলা হয়েছে । তিনি বলেন যে- প্রত্যেক পলাতক অপরাধীর সঙ্গে ক্ষমাহীন দৃষ্টিভঙ্গী গ্রহণ করা উচিত । এবং তাদেরকে দেশের বিচার ব্যবস্থার সামনে আনা উচিত । শ্রী শাহ্ বলেন যে- দেশ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সীমান্ত সুরক্ষা সুনিশ্চিত করেছে এবং আইনের শাসন সুদৃঢ় করার পথে অগ্রসর হয়েছে । সরকার ২০১৮ সালে পলাতক অর্থনৈতিক অপরাধী আইন বলবৎ করেছে এবং এই আইনের অধীনে কর্তৃপক্ষসমূহকে পলাতক অপরাধীদের

দেশে থাকা সম্পত্তি বাজেয়াপ্ত করার অধিকার প্রদান করা হয়েছে বলে শ্রী শাহ্ মন্তব্য করেছেন । তিনি বলেন যে- এই আইন প্রণয়নের মাত্র চার বছরের মধ্যে দুশো কোটি ডলারেরও বেশি অর্থ উদ্ধার করা হয়েছে । দেশে কালো টাকা বৈধকরণ প্রতিরোধী আইনসমূহ শক্তিশালী করা হয়েছে বলে উল্লেখ করে শ্রী শাহ্ বলেন যে- এধরণের আইনের জন্যেই ২০১৪ সাল থেকে ২০২৩ সালের মধ্যে প্রায় এক হাজার দুশো কোটি ডলারের সম্পত্তি বাজেয়াপ্ত করা সম্ভব হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ খানাপারার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে ঝুমুর বিনন্দিনীতে অংশগ্রহণকারী শিল্পী , প্রশিক্ষক ও বিশেষজ্ঞ সমিতির সদস্যদের প্রশংসাপত্র - সম্মাননা প্রদান করেন । এই শিল্পীরা গত ২৪ শে ফেব্রুয়ারী অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে ঝুমুর বিনন্দিনীতে অংশ নিয়েছিল । আজকের অনুষ্ঠানে ২৪ টি জেলার বিশেষজ্ঞ সমিতির সদস্যদেরকে ৫০ হাজার টাকা করে ও প্রশিক্ষক তথা শিল্পীদের ২৫ হাজার টাকা করে প্রত্যক্ষ লাভ হস্তান্তর ব্যবস্থার মাধ্যমে অর্থ প্রদান করা হয় । বরাক উপত্যকার তিনটি জেলার শিল্পীদের পরবর্তী পর্যায়ে সম্মানিত করা হবে । অনুষ্ঠানে ভাষন দেবার সময় মুখ্যমন্ত্রী ড: শর্মা চা বাগান অঞ্চলে আগামী জানুয়ারীতে একশটি নতুন হাইস্কুল স্থাপন করা হবে বলে ঘোষনা করেন । তিনি বলেন যে রাজ্য সরকার চিকিৎসা মহাবিদ্যালয়ে ৩০ টি আসন চা বাগান তথা আদিবাসীদের জন্য সংরক্ষণ করা সহ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পরীক্ষায় ও চা জনগোষ্ঠীর লোকেদের জন্য ৩ শতাংশ আসন সংরক্ষণের ব্যবস্থা করেছে । মুখ্যমন্ত্রী বলেন ....বাইট

আজকের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী চা শ্রমিক প্রোৎসাহন যোজনার অধীনে রাজ্যের ৩০ টি জেলার চাবাগানসহ এর আশে পাশে থাকা অঞ্চলগুলিতে স্বাস্থ্য সেবা প্রদানের উদ্দেশ্যে ৮০ টি সঞ্জীবনী বাহনের উদ্বোধন করেন ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার জনসাধারণের জন্য কাজ করতে এবং তাদের কষ্ট লাঘবে সদা সচেষ্ট থাকতে সংশ্লিষ্ট জেলাপ্রশাসনের প্রতি আসাম বিধানসভার উন্নয়ন বিভাগের স্ট্যান্ডিং কমিটির পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে । বিধায়ক গোবিন্দ চন্দ্র বসুমাতারির পৌরহিত্যে আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত সভায় জেলার উন্নয়নমূলক প্রকল্পের বাস্তবায়ন নিয়ে আয়োজিত পর্যালোচনা সভায় কমিটির পক্ষ থেকে এই পরামর্শ দেওয়া হয়েছে । উল্লেখ্য আসাম বিধানসভার উন্নয়ন বিভাগের স্ট্যান্ডিং কমিটির এক প্রতিনিধি দল আজ জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প খতিয়ে

দেখতে শ্রীভূমি জেলা সফরে এসেছেন । প্রতিনিধি দলটি আজ শ্রীভূমি জেলার সাদারাশি , লঙ্গাইঘাট -বাজারঘাট গ্রাম পঞ্চায়েতে প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীন ) পঞ্চদশ অর্থ কমিশনের এম জি এনরেগার কাজ , লক্ষীবাজার রোডের আসাম বিদুৎ বিতরন কোম্পানী লিমিটেডের হাই টেনশন লাইন ডিষ্ট্রিবিউশন সিস্টেম , শ্রীভূমি জেলা কারাগারে পৌরসভার  জল সরবরাহ প্রকল্প পরিদর্শন করেছেন । কমিটির অন্যান্য বিধায়ক সদস্যরা হচ্ছেন-অজয় কুমার রাই , দীগন্ত বর্মন , দীপায়ন চক্রবর্তী , মিসবাহুল ইসলাম লস্কর , সুজাম উদ্দিন লস্কর , শিবি মিশ্র এবং নিজানুর রহমান ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে আজ লালা শিক্ষা খন্ডের অধীন রবিদাসপাড়া প্রাথমিক বিদ্যালয়ে মানসিক স্বাস্থ্য ও সুস্থতা নিয়ে একটি আলোচনা সভা ও যোগ ব্যায়াম শিবির অনুষ্ঠিত হয়েছে । ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় মানসিক স্বাস্থ্য ও সুস্থতা নিয়ে ডক্টর গৌরী দাস সিংহ , পতঞ্জলী যোগ সমিতির প্রাক্তন জেলা প্রভারী সমীরন পাল , হাইলাকান্দি জেলা পতঞ্জলী যোগ প্রচারক অভিজিৎ নাথ প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় নভেম্বর মাসের খাদ্য সুরক্ষার চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে নভেম্বর মাসে অন্তোদয় অন্ন যোজনার কার্ড প্রতি ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডের ক্ষেত্রে মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে চাল বন্টন করা হবে । নভেম্বর মাসের এক থেকে ১০ তারিখ পর্য্যন্ত অন্ন সুরক্ষার নির্ধারিত দিনগুলিতে ই-পস মেশিনের মাধ্যমে এই চাল বন্টন করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------